

সূত্রঃ দৈনিক পূর্বাঞ্চল

তারিখঃ ০৯ এপ্রিল ২০২১



নৌ পরিবার শিশু নিকেতন মংলা
(বাংলাদেশ নৌবাহিনী পরিবার কল্যাণ সংঘ খুলনা শাখা কর্তৃক পরিচালিত)



অধ্যক্ষ পদে নিয়োগ বিজ্ঞপ্তি

১। বাংলাদেশ নৌবাহিনী পরিবার কল্যাণ সংঘের তত্ত্বাবধানে পরিচালিত নৌ পরিবার শিশু নিকেতন মংলা (প্লে হতে ৫ম শ্রেণি) স্কুলে (০১ জন) অধ্যক্ষ নিয়োগ করা হবে। আগ্রহী মহিলা প্রার্থীদের নিকট হতে স্বহস্তে লিখিত আবেদনপত্র আহ্বান করা যাচ্ছে।

পদের নাম	বেতন স্কেল	যোগ্যতা ও অভিজ্ঞতা
অধ্যক্ষ	১। মূল বেতন - ১৩০০০ - ৪০০×১০-১৭০০০। ২। উৎসবভাতা এবং নববর্ষভাতা।	ক। বিএডসহ স্নাতকোত্তর ডিগ্রি (সকল পরীক্ষায় নূন্যতম দ্বিতীয় বিভাগ/ ক্লাস অথবা সমতুল্য জিপিএ থাকতে হবে)। খ। প্রার্থীর বয়স- ০১ জানুয়ারি ২০২১ তারিখে অনধিক ৫৫ বছর। গ। নৌ পরিবার শিশু নিকেতন স্কুলে শিক্ষক হিসেবে নূন্যতম ০৫ বছরের অভিজ্ঞতা/ যে কোন শিক্ষা প্রতিষ্ঠানে শিক্ষকতায় ১৫ বছরের অভিজ্ঞতা থাকতে হবে।

২। অধ্যক্ষ পদে ০১ বছর সন্তোষজনক চাকরির পর স্থায়ী করা হবে।

৩। আগ্রহী প্রার্থীদের (ক) শিক্ষাগত যোগ্যতার সকল সনদপত্র, মার্কশিট ও প্রশংসাপত্রের ফটোকপি, (খ) অভিজ্ঞতা সনদপত্রের ফটোকপি, (গ) চারিত্রিক সনদপত্র, (ঘ) জাতীয় পরিচয়পত্রের ফটোকপি, (ঙ) সদ্য তোলা ০৩ (তিন) কপি পাসপোর্ট সাইজ রঙিন ছবি, (চ) “নৌ পরিবার শিশু নিকেতন তহবিল” বরাবর ৩০০/০০ (টাকা তিনশত মাত্র) টাকার ব্যাংক ড্রাফট (অফেরতযোগ্য), (ছ) নাম, পিতা/স্বামীর নাম, শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা, বৈবাহিক অবস্থা, বয়স, মোবাইল নম্বর, বর্তমান ও স্থায়ী ঠিকানা উল্লেখ করে চেয়ারম্যান, বাংলাদেশ নৌবাহিনী পরিবার কল্যাণ সংঘ খুলনা শাখা, নাবিক কলোনী, মুজগুনী, খুলনা বরাবর অবশ্যই স্বহস্তে লিখিত আবেদনপত্র আগামী ২০ এপ্রিল ২০২১ তারিখ বিকাল ০৫০০ ঘটিকার মধ্যে বিএনএফডব্লিউএ খুলনা অফিস, নাবিক কলোনী গেইট, মুজগুনী, খুলনা; ঠিকানায় পৌঁছাতে হবে। (মোবাইলঃ ০১৭৬৯-৭৮৪৭৩২)

৪। আবেদনকারীকে লিখিত, মৌখিক ও ডেমোনস্ট্রেশন পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে। লিখিত পরীক্ষা ২৩ এপ্রিল ২০২১ তারিখে অনুষ্ঠিত হবে। আবেদনকারীকে শিক্ষণ পদ্ধতি, শিক্ষা ব্যবস্থাপনা, বাংলা, ইংরেজি, গণিত ও সাধারণ জ্ঞান বিষয়ে ০৩ ঘন্টার লিখিত পরীক্ষায় অংশগ্রহণের জন্য ২৩ এপ্রিল ২০২১ শুক্রবার ১০ ঘটিকায় নৌ পরিবার শিশু নিকেতন খুলনা, মুজগুনী, শহর খালিশপুর, খুলনায় উপস্থিত থাকতে হবে।

৫। নিয়োগ সংক্রান্ত সকল কার্যক্রমে কোভিড-১৯ এর নির্দেশনা অনুসরণ করা হবে।